

২০২২

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাধারণ

পত্র : SEC-B-1

(ব্যাবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মহাবিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সময়সূচির কিছু পরিবর্তনের প্রয়োজনীয়তা উল্লেখ করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের কাছে একটি চিঠি লেখো। ১০

অথবা,

- (খ) আকস্মিক দুর্যোগের সময়ে রবীন্দ্র সরোবরে রোয়িং করতে গিয়ে মর্মান্তিক দুর্ঘটনায় দুইজন ছাত্রের মৃত্যু হয়েছে— এই প্রসঙ্গে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

- ২। (ক) অনুবাদকর্মের ক্ষেত্রে অনুবাদকের কোন কোন বিষয়ে সতর্ক হওয়া বাঞ্ছনীয়? অনুবাদকর্মের সমস্যাগুলি নির্ধারণ করো। ১০

অথবা,

- (খ) নিম্নলিখিত অংশটি বাংলায় অনুবাদ করো—

In the course of the seventeenth and eighteenth centuries, authors began to distinguish a faculty that proclaimed the judgement on and enjoyment of the beautiful as its specific concern. It is in fact the term 'taste' that, in the majority of European languages, takes on a metaphorically opposite and additional sense to indicate this special form of knowledge. ১০

- ৩। (ক) সাহিত্য গবেষণার রীতি ও নির্মাণ পদ্ধতি বিষয়ে বিশদ আলোচনা করো। ১০

অথবা,

- (খ) গবেষণা প্রকল্পে তথ্যসংগ্রহ ও তথ্যালিপিবদ্ধকরণের গুরুত্ব আলোচনা করো। ১০

Please Turn Over

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৫x৬

- (ক) সামাজিকপত্র কাকে বলে, উদাহরণসহ ব্যাখ্যা করো।
- (খ) বৈদ্যুতিন মাধ্যমে বিজ্ঞাপনের সামগ্রিক প্রভাব বিষয়ে আলোচনা করো।
- (গ) সংবাদমাধ্যমে বিজ্ঞাপনের বিভিন্ন প্রয়োগরীতির উদাহরণ দিয়ে বিষয়টি স্পষ্ট করো।
- (ঘ) গবেষণার বিভিন্ন উদ্দেশ্য কী কী?
- (ঙ) টীকা লেখো— 'নির্ঘণ্ট প্রণয়ন'।
- (চ) আরোহী গবেষণার সঙ্গে অবরোহী গবেষণা পদ্ধতির পার্থক্য বুঝিয়ে দাও।
- (ছ) পাদটীকা ও প্রান্তটীকার পার্থক্য নির্দেশ করো। দুটির পৃথক উদাহরণ দিয়ে বিষয়টি প্রাজ্ঞল করো।
- (জ) 'জীবে প্রেম' বিষয়ে বিবেকানন্দের সঙ্গে একটি নাতিদীর্ঘ কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১x২০

- (ক) সংবাদপত্রে প্রতিবেদন রচনার অবয়বগত কৌশলে প্রারম্ভিক অংশের পরবর্তী অধ্যায় কোনটি?
- (খ) বাণিজ্যিকপত্রের দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।
- (গ) একটি আদর্শ পত্রের দুটি অংশের উল্লেখ করো।
- (ঘ) অভিযোগপত্র কাকে বলে?
- (ঙ) শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন কাকে বলে?
- (চ) একটি দৃশ্য-শ্রাব্য গণমাধ্যমের নাম লেখো।
- (ছ) কপিরাইট আইন কবে প্রণয়ন করা হয়?
- (জ) আন্তর্জাতিক গ্রন্থ ও কপিরাইট দিবস হিসেবে কোন দিনটিকে পালন করা হয়?
- (ঝ) 'পেটেন্ট' বা কৃতিস্বত্ব বলতে কী বোঝো?
- (ঞ) ভাবানুবাদ কাকে বলে?
- (ট) প্রত্যক্ষ তথ্য কী?
- (ঠ) মাইকের মাধ্যমে প্রচার কী ধরনের বিজ্ঞাপন?
- (ড) লেখকের মৃত্যুর পরে কপিরাইট আইন কতদিন বলবৎ থাকে?
- (ঢ) একটি ক্লাসের সমস্ত শিক্ষার্থীকে নমুনাদল হিসেবে গ্রহণ করলে, তাকে কোন ধরনের নমুনাদল বলা হবে?
- (ণ) 'হাইপোথিসিস্' বা প্রকল্পের অর্থ কী?
- (ত) 'বর্ণানুক্রমিক' বলতে কী বোঝায়?
- (থ) আদর্শ বাংলা বাক্যে ক্রিয়া কোথায় বসে?
- (দ) সমীক্ষা গবেষণা কী?
- (ধ) 'রিসার্চ' (Reserach) কথাটির ব্যুৎপত্তি ঘটেছে কোন শব্দ থেকে?
- (ন) গবেষণায় 'উপাংশ' কেন দেওয়া হয়?